

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪৫৫১  
আগরতলা, ১১ জানুয়ারি, ২০২৪

বিধানসভা সংবাদ

**প্রাক্তন মন্ত্রী কেশব মজুমদারের প্রয়াণে বিধানসভায় শোক জ্ঞাপন**

রাজ্যের প্রাক্তন মন্ত্রী কেশব মজুমদারের প্রয়াণে আজ রাজ্য বিধানসভায় শোক জ্ঞাপন করা হয়েছে। বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন প্রয়াত প্রাক্তন মন্ত্রীর রাজনৈতিক ও সামাজিক কর্মকাণ্ডের বিভিন্ন দিক তুলে ধরে স্মৃতিচারণ করেন। তিনি প্রয়াত প্রাক্তন মন্ত্রীর পরিবার পরিজনদের প্রতি সমবেদনা জানান। এরপর বিধানসভার সদস্যগণ প্রয়াত প্রাক্তন মন্ত্রীর স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাতে দুই মিনিট দাঁড়িয়ে নীরবতা পালন করেন।

\*\*\*\*\*